দৈনিক সংবাদ 270

তারিখ ... 06 JUN 1991
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

60

ক্যাম্পাসে মিছিল, সমাবেশ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) সন্ত্রাস প্রতিরোধের দাবীসহ অন্যান্য দাবী আদায়ের লক্ষ্যে বিভিন্ন ছাত্র সংগঠন মিছিল ও সমাবেশের আয়োজন করে। ছাত্রদল, ছাত্রলীগ (আ-অ) প্রায় একই সময়ে একই স্থানে সমাবেশ আহ্বান করায় পরিস্থিতি নিয়া অনেকের আশঙ্কা দেখা দিলেও অপ্রীতিকর কিছু ঘটে নাই। গতকাল সকাল সাড়ে ১০টায় ছাত্র সংগঠনসমূহের মিছিল সমাবেশ শুরুর পূর্বে ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা মধুর-কেন্টিনে যান। ছাত্র নেতাদের সাথে কথা বলেন। মধুর কেন্টিনের একটি টেবিলে ছাত্র দল নেতা খায়রুল কবীর খোকন, ছাত্র লীগ (আ-অ) নেতা শাহে আলমসহ ছাত্রদল, ছাত্রলীগের বিভিন্ন নেতাকে বসাইয়া ভিসি কয়েক মিনিট তাহাদের সহিত আলাপ করেন। ভিসি চলিয়া যাওয়ার পর প্রথমে ছাত্র দলের মিছিল বাহির হয়। মিছিলটি কলাভবন প্রদক্ষিণ করিয়া প্রেসক্লাব অভিমুখে যাত্রা করিলে মধুর কেন্টিন হইতে প্রথমে ছাত্রলীগের (আ-অ), পরে জাতীয় ছাত্রলীগের মিছিল বাহির হয়। এই সময় আকাশে মেঘ ঘনাইয়া আসে। একদিকে দমকা বাতাস, অন্যদিকে ছাত্র সংগঠনগুলির মিছিলে শ্লোগানে ক্যাম্পাসের কলাভবন সরগরম হইয়া উঠে। ক্যাম্পাসে বি,ডি, আর পুলিশের টহল অব্যাহত ছিল। গতকালও রিকশা ছাড়া অন্যকোন যানবাহনকে ক্যাম্পাসে চলাচল করিতে দেওয়া হয় নাই।

ছাত্রদল

ডাঃ মিলনের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিকট স্মারকলিপি পেশ করিয়াছে। ইহার আগে ছাত্রদল মিছিলসহকারে টি,এস,সি, হাই-কোর্ট হইয়া জাতীয় প্রেসক্লাবে সমাবেশের আয়োজন করে। সমাবেশে ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া বলা হয়, ডাঃ মিলনের হত্যাকারী হিসাবে চিহ্নিত সন্ত্রাসীদের সংগঠনে আশ্রয় দিয়া ছাত্রলীগ (আ-অ) শিক্ষার পরিবেশ বিঘ্নিত করিয়াছে। ফজলুল হক মিলনের সভাপতিত্বে এই সভায় নাজিমউদ্দিন আলম, কামরুজ্জামান রতন, আলী আক্কাস নাদিম বক্তৃতা করেন।